

MEASLES

আপনার শিশুর এই রোগটি হতে দেবেন না
- তাদের এমএমআরএর টিকা দিন

- আবার খবরে হামের কথা শোনা যাচ্ছে। ওয়েলস এবং ইংল্যান্ডে এই রোগের মারাত্মক প্রাদুর্ভাব দেখা দিয়েছে এবং হাম আক্রান্ত শিশুদের সংখ্যা বাড়ছে।
- হাম একটি খুবই মারাত্মক রোগ হতে পারে, যার ফলে কান এবং বুদ্ধির সংক্রমণ, ফিট (খিঁচুনি), ডায়রিয়া (অতিসার), এবং মস্তিষ্কের ক্ষতিও হতে পারে। হামের কারণে মৃত্যুও হতে পারে।
- এমএমআর টিকা না নেওয়া হয়ে থাকলে আপনার শিশুর হাম হওয়ার ঝুঁকি রয়েছে।
- সেরা সুরক্ষা পাওয়ার জন্য এমএমআর টিকার দুটো ডোজের প্রয়োজন রয়েছে।
- যদি আপনার শিশুর এমএমআরএর দুটো ডোজ পাওয়ার কথা রয়েছে কিন্তু সে এখনও টিকাগুলোকে গ্রহণ করেনি, তাহলে তার বয়স যাই হোক না কেন, আপনার অবশ্যই আপনার জিপির সঙ্গে যোগাযোগ করে যত দ্রুত সম্ভব তাকে এই টিকাগুলো দেয়ার ব্যবস্থা করা উচিত।*
- যদি আপনি মনে করতে পারছেন না যে আপনার শিশু, এমএমআর টিকার কোনো একটি, একটি বা দুটি ডোজ পেয়েছে কি না তাহলে তাদের ব্যক্তিগত শিশু স্বাস্থ্য রেকর্ড (রেড বুক) দেখুন। যদি এতে সাহায্য না হয় তাহলে আপনি আপনার জিপির সঙ্গেও কথা বলতে পারেন।
- যদি আপনি জানেন না যে আপনার শিশু কটা ডোজ পেয়েছে তাহলে তাদের অসুরক্ষিত রাখার ঝুঁকি না নিয়ে তাদের বরং এখন এমএমআর টিকার দুটো ডোজ দেওয়া বেশি ভালো হবে।

*স্থানীয় প্রাদুর্ভাবের প্রতিকার করার জন্য, ১৮ মাসের বয়স থেকে এক মাসের অন্তরে দুটো ডোজ দেওয়া যেতে পারে।

immunisation

আপনার শিশুর স্বাস্থ্য সুরক্ষার জন্য সবচেয়ে নিরাপদ উপায়

হাম এবং এমএমআর টিকার বিষয়ে সাধারণত জিজ্ঞাসা করা কিছু প্রশ্নের উত্তর এই লিফলেটের পিছন দিকে তালিকাভুক্ত রয়েছে।



হাম এবং এমএমআর টিকার বিষয়ে সাধারণত জিজ্ঞাসা করা কিছু প্রশ্নের উত্তর

আমরা হামের এই প্রাদুর্ভাবগুলো কেন দেখছি?

হাম একটি অত্যন্ত সংক্রামক রোগ, যেটা এক ব্যক্তি থেকে আর এক ব্যক্তি পর্যন্ত দ্রুত ছড়িয়ে পড়ে, বিশেষ করে স্কুলের মধ্যে। একটি হাম আক্রান্ত শিশু প্রায় এমন সকল অসুরক্ষিত শিশুদেরকে সংক্রামিত করবে যারা তার সংস্পর্শে আসে। ২০১৭ সালের শেষ থেকে বিশ্বব্যাপী হাম বেড়ে গেছে এবং যেটা ইউকে কেও প্রভাবিত করেছে। এর ফলে বৃহত্তর কমিউনিটিতে এই রোগটি কিছুটা ছড়িয়ে পড়েছে, বিশেষ করে এমন সকল গ্রুপে যেখানে প্রয়োজনের চেয়ে কম টিকা গ্রহণ করা হয়।

এমএমআর টিকাগুলোকে সাধারণত কখন দেওয়া হয়?

টিকা দেওয়ার সবচেয়ে সেরা সময় হল ১২ থেকে ১৩ মাস বয়সী থাকাকালীন আর আবার তিন বছর চার মাস বয়সে, এবং প্রত্যেক বার কেবল একটি ডোজ দেওয়া হয়। কিন্তু যদি আপনার শিশুকে আগে টিকা দেওয়া হয় নি তাহলে তাদের যেকোনো বয়সে এই টিকাটি দেওয়া যেতে পারে এবং এই ক্ষেত্রে দুটি ডোজ এক মাস অন্তরে দেওয়া হবে।

এই টিকার ক্ষেত্রে কি কোনো পার্শ্ব প্রতিক্রিয়া দেখা দেয়?

টিকা নেওয়ার ছয় সপ্তাহ পর্যন্ত আপনার শিশুর মধ্যে হাম, মাম্পস এবং রুবেলার লক্ষণ দেখা দিতে পারে, কিন্তু এগুলো খুবি হালকা ধরনের হবে। এটা প্রমাণ করে যে টিকাটি কাজ করছে এবং আপনার শিশু ভবিষ্যতে এই তিনটি ভাইরাসজনিত রোগের বিরুদ্ধে তার নিজস্ব প্রতিরোধ ক্ষমতা গড়ে তুলছে। সকল শিশুদের ক্ষেত্রে এই লক্ষণগুলো দেখা দেয় না তবে তার মানে এই নয় যে টিকাটি কাজ করছে না।

রোগের প্রাদুর্ভাব থাকা অঞ্চলগুলোতে বসবাস করছেন এমন সকল মাতা- পিতাদের কি হামের বিরুদ্ধে টিকা নেওয়া উচিত?

অনেক রোগের মতন, একবার আপনার হাম হলে আপনি আবার হাম আক্রান্ত হবেন না কেননা আপনি তার প্রতি স্বাভাবিক প্রতিরোধের ক্ষমতা গড়ে তুলেছেন। সুতরাং যদি আপনার আগে হাম হয়ে থাকে বা আপনি এমএমআর টিকার দুটো ডোজ নিয়ে থাকেন তাহলে আপনাকে এখন টিকা নিতে হবে না।

হাম এবং এমএমআরএর বিষয়ে অধিকতর তথ্য জানার জন্য
www.nhs.uk/conditions/measles/ দেখুন।

This is an Bengali translation of the measles dont let your child catch it – English version. There are also versions in Afrikaans, Arabic, Cantonese, simplified Chinese, French, German, Hebrew, Hindi, Italian, Lithuanian, Polish, Portuguese, Romanian, Romanian, Spanish, Swahili, Tagalog, Tamil, Turkish, Ukrainian and Urdu. If you would like more copies of this leaflet or any other immunisation publications please visit www.healthpublications.gov.uk or call 0300 123 1002

NHS

টিকাদান সংক্রান্ত তথ্যাবলী